



## দিয়াবল কে?

শয়তান দিয়াবল—সে কোথা থেকে এসেছিল? (১, ২)

শয়তান মানুষকে কিভাবে বিপথে চালিত করে? (৩-৭)

কেন আপনার দিয়াবলকে প্রতিরোধ করা উচিত? (৭)



১. “দিয়াবল” শব্দটির অর্থ এমন একজন যে অন্য কোন ব্যক্তি সম্পর্কে ক্ষতিকারক মিথ্যা রটায়। “শয়তান” কথাটির অর্থ কোন শত্রু অথবা কোন বিরোধী। এই শব্দগুলি ব্যবহার করা হয়েছে ঈশ্বরের প্রধান শত্রুর প্রতি। প্রথমে, স্বর্গে ঈশ্বরের সাথে সে এক সম্পূর্ণ সিদ্ধ দূত ছিল। কিন্তু, পরে নিজের সম্পর্কে সে অনেক বেশি ভেবেছিল এবং যা যথার্থভাবেই ঈশ্বরের অধিকারভুক্ত সেই উপাসনা সে চেয়েছিল।—মথি ৪:৮-১০।

২. এই দূত, শয়তান, এক সর্পের মাধ্যমে হবার সঙ্গে কথা বলেছিল। তাকে মিথ্যা বলার দ্বারা, সে হবাকে ঈশ্বরের অবাধ্য হতে প্ররোচিত করেছিল। শয়তান এইভাবে যাকে বলা হয় ঈশ্বরের “সার্বভৌমত্ব,” অথবা সর্বোচ্চ হিসাবে তাঁর স্থানের প্রতি আক্রমণ করেছিল। শয়তান প্রশ্ন তুলেছিল যে ঈশ্বর যোগ্যরূপে এবং তাঁর প্রজাবৃন্দের সর্বাধিক মঙ্গলের জন্য শাসন করেন কি না। সে আরও সন্দেহ প্রকাশ করেছিল যে কোন মানুষ ঈশ্বরের প্রতি বিশ্বস্ত থাকবে কি না। এটি করার দ্বারা,

শয়তান নিজেকে ঈশ্বরের শত্রু করে তুলেছিল। এই কারণেই তাকে অভিহিত করা হয়েছিল শয়তান দিয়াবল বলে।—আদিপুস্তক ৩:১-৫; ইয়োব ১:৮-১১; প্রকাশিত বাক্য ১২:৯।

৩. শয়তান তার উপাসনা করতে মানুষকে প্রতারিত করার চেষ্টা করে। (২ করিন্থীয় ১১:৩, ১৪) একটি উপায়ে সে লোকেদের বিপথে চালিত করে আর তা হল মিথ্যা ধর্মের মাধ্যমে। যদি কোন ধর্ম ঈশ্বরের সম্পর্কে মিথ্যা শিক্ষা দেয়, তা প্রকৃতপক্ষে শয়তানের উদ্দেশ্যকেই সাধিত করে। (যোহন ৮:৪৪) লোকেরা যারা মিথ্যা ধর্মগুলির সদস্যবৃন্দ তারা হয়ত আন্তরিকভাবেই বিশ্বাস করে যে তারা সত্য ঈশ্বরের উপাসনা করছে। কিন্তু তারা প্রকৃতপক্ষে শয়তানের উপাসনা করছে। সে ‘এই জগতের দেব।’—২ করিন্থীয় ৪:৪।

৪. প্রেতচর্চা হল আর একটি উপায় যার দ্বারা শয়তান মানুষকে তার নিয়ন্ত্রণে নিয়ে আসে। তারা হয়ত তাদের রক্ষা করতে, অন্যদের ক্ষতি করতে, ভবিষ্যৎ সম্বন্ধে জানাতে, অথবা অলৌকিক কাজগুলি সাধন করতে আত্মাদের ডাকতে পারে। এই সমস্ত অভ্যাসগুলির পিছনে শয়তান মন্দ শক্তিরূপে রয়েছে। ঈশ্বরকে সন্তুষ্ট করতে, আমরা অবশ্যই প্রেতচর্চার সঙ্গে কোন রকম সম্পর্ক রাখতে পারি না।—দ্বিতীয় বিবরণ ১৮:১০-১২; প্রেরিত ১৯:১৮, ১৯।

৫. এছাড়াও শয়তান চরম জাতিগত গর্ব এবং রাজনৈতিক সংগঠনগুলির প্রতি ভক্তির মাধ্যমেও মানুষকে বিপথে চালিত করে। কেউ কেউ ভাবেন যে তাদের জাতি অথবা বর্ণ অন্যদের চেয়ে উত্তম। কিন্তু তা সত্য নয়।



মিথ্যা ধর্ম, প্রেতচর্চা,  
এবং জাতীয়তাবাদ  
মানুষকে বিপথে  
চালিত করে

(প্রেরিত ১০:৩৪, ৩৫) অন্য লোকেরা মানুষের সমস্যা-  
গুলির সমাধানের জন্য রাজনৈতিক সংগঠ-  
নগুলির উপরে নির্ভর করে। এটি করার  
দ্বারা, তারা ঈশ্বরের রাজ্যকে প্রত্যাখ্যান  
করে থাকে। এই রাজ্যই আমাদের সমস্যা-  
গুলির জন্য একমাত্র সমাধান।—দানিয়েল ২:৪৪.

৬. আর একটি উপায় যার দ্বারা শয়তান মানুষকে  
বিপথে চালিত করে তা হল পাপপূর্ণ বাসনাসমূহ দ্বারা  
তাদের প্রলুব্ধ করে। যিহোবা পাপপূর্ণ অভ্যাসগুলিকে  
আমাদের এড়িয়ে চলতে বলেন কারণ তিনি জানেন  
সেগুলি আমাদের ক্ষতি করবে। (গালাতীয় ৬:৭, ৮) কিছু  
লোকে চাইতে পারে যে এই সকল অভ্যাসে আপনি  
তাদের সাথে যুক্ত হোন। কিন্তু, মনে রাখবেন,  
প্রকৃতপক্ষে শয়তানই চায় যে আপনি এই  
সকল কাজ করুন।—১ করিন্থীয় ৬:৯, ১০;  
১৫:৩৩.

৭. যিহোবাকে যাতে আপনি ত্যাগ করেন  
তার জন্য শয়তান তাড়না অথবা বিরোধি-  
তাকে ব্যবহার করতে পারে। আপনার প্রিয়-  
জনদের মধ্যে কিছু ব্যক্তি অত্যন্ত ক্রুদ্ধ  
হতে পারেন যেহেতু আপনি বাইবেল অধ্যয়ন  
করছেন। অন্যেরা হয়ত আপনাকে নিয়ে  
ঠাট্টামাসা করতে পারে। কিন্তু কার কাছে

ক্রমাগত যিহোবা সম্বন্ধে শিক্ষাগ্রহণ করার  
দ্বারা শয়তানকে প্রতিরোধ করুন

আপনি আপনার জীবনের জন্য ঋণী? শয়তান চায়  
আপনাকে ভয় দেখাতে যাতে যিহোবা সম্বন্ধে শিক্ষা  
আপনি বন্ধ করে দেন। শয়তানকে জয়ী হতে দেবেন না!  
(মথি ১০:৩৪-৩৯; ১ পিতর ৫:৮, ৯) দিয়াবলকে  
প্রতিরোধ করার দ্বারা, আপনি যিহোবাকে সুখী করতে  
পারবেন এবং দেখান যে তাঁর সার্বভৌমত্বকে আপনি  
সর্বোচ্চ স্থান দেন।—হিতোপদেশ ২৭:১১.

